



মাদক মিশিয়ে বানানো ঝাঁকাস খেয়ে তরুণের মৃত্যু, হাসপাতালে ৪



ছবি: সংগৃহীত

নোয়াখালী সদর উপজেলায় মাছের বারবিকিউ পার্টিতে মদ ও বিভিন্ন মাদক মিশিয়ে তৈরি ‘ঝাঁকাস’ পানীয় সেবনের পর মো. সাকিব (২২) নামে এক তরুণের মৃত্যু হয়েছে। একই ঘটনায় অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন আরও চারজন। তাদের মধ্যে দুজনকে আশঙ্কাজনক অবস্থায় ঢাকায় পাঠানো হয়েছে।

রোববার (৪ অক্টোবর) সকাল সাড়ে ১১টার দিকে সুধারাম মডেল থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ইদ্রিসুর রহমান বিষয়টি নিশ্চিত করেন। শনিবার সন্ধ্যার পর কাদিরহানিফ ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের পূর্ব লক্ষ্মীনারায়ণপুর (হাপারগোড়া) গ্রামের মুসলিম কলোনির মিলনের বাড়িতে এ ঘটনা ঘটে।

নিহত সাকিব ওই কলোনির মৃত এফরান মিয়া ছিলেন। অসুস্থ চারজনের মধ্যে টিপু (২৫) ও সাইফুল ইসলাম পাখি (২২) বর্তমানে ঢাকায় চিকিৎসাধীন। অপর দুজন মনির হোসেন শান্ত (২৩) ও রাসেল (২৫) নোয়াখালী ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন।

স্থানীয়রা জানান, মহিলা কলেজের পূর্ব পাশে হাপারগোড়া এলাকায় কয়েকজন তরুণ ও তাদের এক প্রবাসী বন্ধু মিলে মাছের বারবিকিউ পার্টির আয়োজন করেন। সেখানে মদ ও কয়েক ধরনের মাদক একসঙ্গে মিশিয়ে ‘ঝাঁকাস’ নামে একটি পানীয় তৈরি করে সেবন করেন তারা।

পার্টি শেষে সবাই বাড়ি ফিরে যান। পরে একে একে অসুস্থ হয়ে পড়লে পরিবারের লোকজন তাদের চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যান। সাকিবকে রাত পৌনে ১০টার দিকে জেলা শহরের একটি বেসরকারি প্রাইম হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নোয়াখালী জেনারেল হাসপাতালের আরএমও ডা. রাজীব আহমেদ চৌধুরী বলেন, বিষাক্ত ও ভেজাল মদপানের উপসর্গ নিয়ে কয়েকজনকে হাসপাতালে আনা হয়েছে। তাদের মধ্যে কয়েকজনের চিকিৎসা চলছে। গুরুতর অবস্থায় থাকা রোগীদের ঢাকায় পাঠানো হয়েছে।

সুধারাম মডেল থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ইদ্রিসুর রহমান বলেন, একাধিক মাদক মিশিয়ে তৈরি পানীয় সেবনের পর এ ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে জানা গেছে। সকালে সাকিবের বাড়ি থেকে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নোয়াখালী জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।